



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examination, 2021

বাংলা

তৃতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। মুক্তক ছন্দ বলতে কী বোঝো? এই ছন্দের বৈশিষ্ট্যের পরিচয় দাও। বাংলা প্রথাগত তিন ছন্দোরীতিতে মুক্তক ছন্দের ব্যবহার দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৩+২+৫

অথবা

টীকা লেখোঃ (যে-কোনো দুটি)

৫×২=১০

পর্ব, মাত্রা, পংক্তি, ছত্র, গদ্যছন্দ

- ২। নিম্নলিখিত যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি প্রণয়ন করোঃ ৪×২=৮

(ক) হাথক দরপণ মাথক ফুল,
নয়নক অঞ্জন মুখক তাম্বুল॥
হৃদয়ক মৃগমদ গীমক হার,
দেহক সরবস গেহক সার॥

(খ) যেয়োনা রজনী আজি, লয়ে তারাদলে।
গেলে তুমি, দয়াময়ি এ পরাণ যাবে!
উদিলে নির্দয় রবি উদয় অচলে,
নয়নের মণি মোর নয়ন হারাবে।

(গ) রুদ্র তোমার দারুণ দীপ্তি
এসেছে দুয়ার ভেদিয়া,
বক্ষে বেজেছে বিদ্যুৎ বাণ
স্বপ্নের জাল ছেদিয়া।

(ঘ) রৌদ্রে কাঁপা কনকচাঁপা খয়ের পত্রে সদ্য শ্রাবণ
যমুনাবতী সরস্বতীর কয়েক ছত্রে পদ্য প্লাবন।

- ৩। রূপক অলংকার কাকে বলে? উদাহরণসহ রূপক অলংকারের বিভাগগুলি আলোচনা করো। ৮

অথবা

যে-কোনো দুটি অলংকার দৃষ্টান্তসহ ব্যাখ্যা করোঃ 8×2 = ৮
শ্লেষ, অপহুতি, প্রতীয়মান, উৎপ্রেক্ষা, সমাসোক্তি, ব্যাজস্ততি, ছেকানুপ্রাস

৪। নিম্নলিখিত যে-কোনো একটি উদ্ধৃতির অলঙ্কার নির্ণয় করোঃ 8×1 = 8

- (ক) মাতা আমি নহি? গর্ভভার জর্জরিতা
জাগ্রত হৃদপিণ্ড তলে বহি নাই তারে?
- (খ) আমার দেশের পথের ধূলা
খাঁটি সোনার চাইতে খাঁটি।
- (গ) নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে
পুলক মুকুল অবলম্ব।
- (ঘ) এখানে হাওয়ায় যেন ভালোবাসা বীজ হয়ে আছে।
- (ঙ) বসুন্ধরা, দিবসের কৰ্ম-অবসানে,
দিনান্তের বেড়াটি ধরিয়া, আছে চাহি
দিগন্তের পানে।

প্রশ্ন নং ৫ থেকে ৭-এর মধ্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও 1৫×1 = 1৫

৫। বৈষ্ণব পদাবলী সাহিত্যে ‘মাথুর’ পর্যায়ের গুরুত্ব নির্ণয় করো। এই শ্রেণির পদে কবি বিদ্যাপতির কৃতিত্ব আলোচনা করো। ৫+1০=1৫

অথবা

পরের ছাওয়াল পাইয়া মারেন আসেন ধাইয়া 1+1+৩
শিশু বলি দয়া নাহি তার। +1০ = 1৫

— কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? উদ্ধৃত অংশের পৌরাণিক অনুষ্টিটির পরিচয় দাও। প্রসঙ্গত পদকর্তার প্রতিভার মূল্যায়ন করো।

৬। মা মেনকা মাঝে মাঝে স্বপ্ন এবং জাগ্রত অবস্থায় কন্যার মধ্যে রূপ লক্ষ্য করে কীভাবে বিহ্বল হয়ে পড়েছেন ‘আগমনী’ পর্যায়ের সংশ্লিষ্ট পদ অবলম্বনে তার পরিচয় দাও। 1৫

অথবা

“একবার বাজাগো মা সেই-মোহন বেণু” - পদকর্তা ও পর্যায়ের উল্লেখ করো। উদ্ধৃত পদটির বিশিষ্টতায় পদকর্তার প্রতিভার স্বরূপ নির্ণয় করো। 1+1+1৩ = 1৫

৭। “মানবধর্ম ও সামাজিক বোধই মুকুন্দ চক্রবর্তীর রচনার মর্মকথা।” - তোমাদের পঠিত কাব্যংশ অবলম্বনে উদ্ধৃতি সহযোগে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৮+৭ = 1৫

অথবা

‘কালকেতুর ভোজন’ এবং ‘কালকেতুর নিকটে ভাঁড়ু দত্তের আগমন’ অংশ দুটির মধ্যে কবিকঙ্কনের কবি বৈশিষ্ট্যের কোন কোন দিক প্রকাশ পেয়েছে, তা আলোচনা করো। ৭+৮ = 1৫

প্রশ্ন নং ৮ থেকে ১০-এর মধ্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও

৫×১ = ৫

৮। “আধ জনম হাম নিন্দে গোঙায়লুঁ
জরা শিশু কতদিন গেলা।”

১+১+৩=৫

— কোন্ পর্যায়ে পদ ? পদকর্তা কে ? তাঁর আক্ষেপের কারণ কী ?

অথবা

“বঁধু যদি তুমি মোরে নিদারুণ হও।

১+১+৩=৫

মরিব তোমার আগে দাঁড়াইয়া রও॥”

— পদটির রচয়িতা কে ? কোন্ পর্যায়ে পদ ? উক্ত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

৯। “খলের প্রধান যত, কে আছে তোমার মত
আপনি হইয়ে হত, বধ রে পরেরি প্রাণ॥”

১+১+১+২
= ৫

— কোন্ পর্যায়ে পদ ? পদকর্তার নাম কী ? ‘খলের প্রধান’ বলতে কী বোঝানো হয়েছে ? উদ্ধৃতির অস্তিত্বিত অর্থ পরিস্ফুট করো।

অথবা

“কেবল আশার আশা, ভবে আসা, আসা মাত্র হলো।”

১+১+৩=৫

— কোন্ পর্যায়ে পদ ? পদকর্তা কে ? উক্ত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

১০। শিয়রে কলিঙ্গ বাজা বড় দুর্বীর,
তোমারে বধিয়া জাতি লইবে আমার॥

১+১+১+২
= ৫

— কে, কাকে, কোন্ প্রসঙ্গে একথা বলেছে ? উদ্ধৃতিটির তাৎপর্য লেখো।

অথবা

উইচারি খাই আমি নামেতে ভালুক।

১+১+১+২

নেউগীঁ চৌধুরী নই না করি তালুক ॥

= ৫

— কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—